শিক্ষাক্রম ২০২২

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা

## বিষয় : জীবন ও জীবিকা। ষষ্ঠ শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# ষষ্ঠ শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : জীবন ও জীবিকা

## শিক্ষাবর্ষ : ২০২৩

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন : জীবন ও জীবিকা

## ❖ এক নজরে জীবন ও জীবিকার ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

| যোগ্যতা | অভিজ্ঞতা/ অধ্যায় | পারদর্শিতা সূচক (পি আই) | নির্ধারিত কাজ | প্রস্তুতিমূলক ক্লাস/পিরিয়ড | চূড়ান্ত মূল্যায়নের দিন প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|---|---|
| ৬.৪ নিজ ও পরিবারিক কাজের দায়িত্ব আস্থার সঙ্গে পালন করা এবং বিদ্যালয় ও সামাজিক ক্ষেত্রে নিজের দায়িত্ব ও কর্তব্য শনাক্ত করে দায়িত্ব পালনে সচেষ্ট হওয়া। | কাজের মাঝে আনন্দ | ৬.৪.১ নিজের কাজ নিজে করা<br>৬.৪.২ পারিবারিক কাজে অংশগ্রহণ করা | ৩টি | ২টি | ৪ ঘণ্টা |
| ৬.২ প্রযুক্তির উন্নয়ন, শিল্পবিপ্লব এবং স্থানীয় ও জাতীয় পরিস্থিতি ও চাহিদার পরিপ্রেক্ষিতে স্থানীয় ও দেশীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করতে পারা, পেশাগুলোর মৌলিক দক্ষতাসমূহ বিশ্লেষণ করে এসব দক্ষতা অর্জনে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার গুরুত্ব বিশ্লেষণ ও অনুধাবন করতে পারা। | পেশার রূপবদল | ৬.২.১ সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করা<br><br>৬.২.২ সুনির্দিষ্ট একটি পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো অনুসন্ধান করে সেগুলো অর্জনের জন্য বিদ্যমান সুযোগগুলো শনাক্ত করা। | | | |

## ❖ সাধারণ নির্দেশনা

- ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের রুটিন অনুযায়ী নির্ধারিত দিনে অনুষ্ঠানের আয়োজন করতে হবে।
- আয়োজনের জন্য পূর্বপ্রস্তুতিমূলক ২টি পিরিয়ড/ক্লাস রুটিন অনুযায়ী পরিচালনা করতে হবে।
- প্রতিবেদন প্রণয়নের জন্য প্রয়োজনীয় কাগজ প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে।
- শিক্ষার্থীদের কাজগুলো মূল্যায়নের জন্য প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।
- শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন সমন্বিত করে রিপোর্ট কার্ডে শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা উল্লেখ করতে হবে।

❖ **নিচের ছকের নির্দেশনা অনুসরণ করে ষাণ্মাসিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা যেতে পারে-**

| পারদর্শিতা যাচাইয়ের জন্য নির্ধারিত কাজ ও পি আই | কাজগুলো যেভাবে পরিচালনা করতে হবে | মূল্যায়নের সময় যা লক্ষ রাখতে হবে |
|---|---|---|
| **কাজ ক :**<br>**পেশাজীবীর সাক্ষাৎকার গ্রহণ**<br>সাক্ষাৎকারের মাধ্যমে স্থানীয় একজন পেশাজীবীর নিকট থেকে পেশা সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং প্রতিবেদন প্রণয়ন (একক কাজ)<br>{পি আই ৬.২.১<br>৬.২.২}<br><br>**কাজ খ:**<br>**নিজ ও পারিবারের কাজে অংশগ্রহণ**<br>বাড়িতে পারিবারিক যেসব কাজ করে তার তালিকা প্রস্তুত এবং উক্ত যেকোনো একটি কাজ করতে গিয়ে অভিজ্ঞতা /অনুভূতি প্রকাশ এবং তা অভিভাবকের মতামত ও স্বাক্ষরসহ উপস্থাপন<br>{পি আই ৬.৪.১<br>৬.৪.২} | **প্রস্তুতিমূলক ১ম পিরিয়ড/ক্লাস**<br><br>**কাজ ক : পেশাজীবীর সাক্ষাৎকার গ্রহণ**<br>বিভিন্ন পরিস্থিতি ও চাহিদার পরিপ্রেক্ষিতে স্থানীয় ও দেশীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করার উদ্দেশ্যে প্রত্যেক শিক্ষার্থীকে একজন করে স্থানীয় পেশাজীবী (নিজেদের এলাকায় কর্মরত জেলে, তাঁতি, মালী, ডাক্তার, নার্স, কৃষক, গৃহকর্মী ইত্যাদি যেকোনো পেশার ব্যক্তি) নির্বাচন করে নিতে বলুন। পেশাজীবী নির্বাচনের বিষয়ে তারা প্রয়োজনে অভিভাবকের সহায়তা নিতে পারবে। সাক্ষাৎকার গ্রহণের প্রশ্নমালা তৈরির জন্য শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিন এবং আলোচনার মাধ্যমে প্রশ্নমালা তৈরি করতে বলুন। তাদের প্রশ্নে গুরুত্বপূর্ণ কিছু বাদ পড়েছে কিনা তা লক্ষ করুন এবং বিশেষ কোনো আইটেম বাদ পড়ে গেলে তা যুক্ত করার পরামর্শ দিন। উক্ত প্রশ্নমালা দলের সবাইকে নিজ নিজ খাতায় লিখে নিতে বলুন । বাড়িতে প্রতিটি প্রশ্নের নিচে উত্তর লেখার জন্য খালি জায়গা রেখে A4 সাইজ কাগজে চূড়ান্ত প্রশ্নপত্র/সাক্ষাৎকারপত্র তৈরি করে নিতে বলুন। উক্ত সাক্ষাৎকারপত্রের মাধ্যমে বাড়িতে কীভাবে শিক্ষার্থীরা নিজ উদ্যোগে তথ্য সংগ্রহ করবে তার পরিকল্পনা শিক্ষার্থীদের সাথে আলোচনার মাধ্যমে বুঝিয়ে দিন ।<br><br>**কাজ খ : নিজ ও পারিবারের কাজে অংশগ্রহণ**<br>বিগত ১৫ দিন শিক্ষার্থীরা বাড়িতে নিজ ও পারিবারিক যেসব কাজ করে আসছে তার তালিকা কীভাবে করা যায় তা আলোচনার মাধ্যমে একটি ছক তৈরি করুন এবং নির্দেশনা বুঝিয়ে দিন। উক্ত তালিকা অভিভাবকের মন্তব্য/অনুভূতি এবং স্বাক্ষরসহ মূল্যায়নের দিন জমা দিতে হবে তা জানিয়ে দিন।<br><br>**কাজ গ : পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা**<br>পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করার সময় কী কী সতর্কতা অবলম্বণ করা উচিত তা শিক্ষার্থীদের দলে আলোচনা করতে দিন। আলোচনা শেষে সবদলের পয়েন্টগুলো বোর্ডে সমন্বিত করে লিখুন এবং গুরুত্বপূর্ণ কিছু বাদ পরে গেলে তা যুক্ত করে দিন। যেকোনো ধরনের পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করার সময় সবাইকে এগুলো মেনে চলার নির্দেশনা দিয়ে ১ম ক্লাসটি সমাপ্ত করুন।<br><br>**প্রস্তুতিমূলক ২য় পিরিয়ড/ক্লাস**<br>**কাজ ক : পেশাজীবীর সাক্ষাৎকার গ্রহণ**<br>অভিভাবকের সাথে আলোচনা করে পেশাজীবী নির্বাচন করেছে কিনা, তাদের সাথে সাক্ষাৎ করেছে কিনা, তথ্য সংগ্রহের উদ্যোগ নিয়েছে কিনা ইত্যাদি বিষয় সম্পর্কে হালনাগাদ তথ্য জেনে নিন। তিনি যে পেশায় কাজ করেন উক্ত পেশায় পরিবর্তনের কারণ ও মৌলিক দক্ষতা সম্পর্কে বিভিন্ন উৎস (জীবন ও জীবিকাসহ বিভিন্ন শ্রেণি ও বিষয়ের পাঠ্যবই ,অন্যান্য উৎস যেমন-পত্রিকা, ইন্টারনেট, অন্যান্য | • প্রস্তুতিমূলক সেশনে শিক্ষার্থীদের উপস্থিতি ও সক্রিয়তা পর্যবেক্ষণ করা<br>• সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রশ্নপত্র তৈরিতে ও দলগত কাজে শিক্ষার্থীদের আগ্রহ, উৎসাহ, স্বতঃস্ফূর্ততা ও মতামত প্রদানের মাত্রা পর্যবেক্ষণ করা<br>• শিক্ষার্থীদের প্রতিটি কার্যক্রম সুচারুভাবে পর্যবেক্ষণ করা<br>• শিক্ষার্থীদেরকে নিজের কাজগুলো নিজে করার বিষয়ে সতর্ক করা<br>• যথাসময়ে কাজ জমা নেওয়া<br>• প্রতিবেদনের সাথে সাক্ষাৎকার প্রদানকারীর টিপসই/ স্বাক্ষরসহ সংগৃহিত সাক্ষাৎকারপত্রের কপি সংযুক্ত রয়েছে কিনা তা যাচাই করা |

| | | |
|---|---|---|
| **কাজ গ:**<br>**পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা**<br>শ্রেণিকক্ষ ও প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন করা<br>{পি আই ৬.৪.২} | পেশাসংক্রান্ত বই ইত্যাদি) থেকে তথ্য সংগ্রহ করতে বলুন। বাড়িতে কারও সাথে এসব বিষয় নিয়ে আলোচনার মাধ্যমেও জানার চেষ্টা করতে পারে।<br><br>**কাজ খ : নিজ ও পারিবারের কাজে অংশগ্রহণ**<br>তৈরিকৃত ছক অনুযায়ী কাজের তালিকা নিয়মিত হালনাগাদ করছে কিনা, অভিভাবকের মতামত সংগ্রহ করছে কিনা ইত্যাদি জেনে নিন। বিশেষ কোনো কাজ করতে গিয়ে কী ধরনের বাধার সম্মুখীন হচ্ছে তা ২/৩ জনকে সামনে এসে অনুভূতি ব্যক্ত করতে বলুন।<br><br>**কাজ গ : পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা**<br>মূল্যায়ন উৎসবের দিন সকল শিক্ষার্থীকে শ্রেণিকক্ষ ও প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে। এজন্যে সবাই যেন মানসিকভাবে প্রস্তুতি নিয়ে আসে এবং মাস্ক পরে আসে সে বিষয়টি সবাইকে বুঝিয়ে বলুন। পুরো কার্যক্রমটি শিক্ষার্থীরা কীভাবে পরিচালনা করবে, কে কোন কাজগুলো করবে, পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করার জন্য কী কী উপকরণ/ সামগ্রী প্রয়োজন হবে, তার তালিকা তৈরি করা এবং বাড়ি থেকে কোনো সামগ্রী আনতে হবে কিনা ইত্যাদি বিষয়গুলো নিজেদের মধ্যে আলোচনা করে দলভিত্তিক কাজ বণ্টন করে নিতে বলুন। কাজটি সবাই মিলে নিরাপদ, সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে সম্পাদন করার জন্য কী কী করা উচিত তা দলে আলোচনা করে অনুসরণীয় নিয়মাবলি তৈরি করতে বলুন। কাজটি কখন থেকে শুরু হবে এসব বিষয়ে রুটিন অনুযায়ী প্রয়োজনীয় নির্দেশনা দিন।<br><br>**চূড়ান্ত মূল্যায়নের দিন**<br>শিক্ষার্থীরা একটি নির্ধারিত কক্ষে বসে প্রতিবেদন তৈরি করবে, এরপর নিজ ও পরিবারের কাজে অংশগ্রহণ সম্পর্কে নিজের অনুভূতি উপস্থাপন করবে (লিখে/ এঁকে/মৌখিকভাবে), এরপর সবাই পূর্বপরিকল্পনা অনুযায়ী প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্ন করবে এবং তাদের অভিজ্ঞতা লিখে জমা দিবে।<br><br>**কাজ ক : পেশাজীবীর সাক্ষাৎকার**<br>**পেশাজীবীর নিকট থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন (সময় ৬০ মিনিট)**<br>শিক্ষার্থীরা নিজ এলাকা বা পরিবারের কোনো পেশাজীবী ব্যক্তির নিকট থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন লিখবে। উক্ত প্রতিবেদনে যা থাকতে হবে-<br>-পেশাজীবী ব্যক্তির বর্তমান পেশার নাম<br>-তার পেশাক্ষেত্রে কী কী পরিবর্তন এসেছে তার বর্ণনা<br>-পেশাক্ষেত্রে উক্ত পরিবর্তনের কারণগুলো কী তা বিশ্লেষণ<br>-উক্ত পরিবর্তনের ফলে পেশায় কী ধরনের নতুনত্ব এসেছে তার বর্ণনা<br>-উক্ত পেশার জন্য কী কী দক্ষতা থাকা প্রয়োজন তা চিহ্নিতকরণ<br>-দক্ষতাসমূহ অর্জনের জন্য তার এলাকায় কী কী সুযোগ রয়েছে তার বর্ণনা<br>-দক্ষতা উন্নয়ন/প্রশিক্ষণের জন্য স্থানীয় প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | • একজন শিক্ষার্থীর প্রতিবেদন অন্যজন কপি করছে কিনা তা যাচাই করা<br>• নিজ ও পারিবারিক কাজের তালিকায় অভিভাবকের মতামত/অনুভূতি পর্যালোচনা করা<br>• পরিচ্ছন্নতা অভিযানে শিক্ষার্থীর অংশগ্রহণ ও দৃষ্টিভঙ্গি পর্যবেক্ষণ করা<br>• শিক্ষার্থীদের জমা দেওয়া কাজের কপি বা পোস্টার যাচাই করা<br>• একজন শিক্ষার্থীর প্রতিবেদন অন্যজন কপি করছে কিনা তা যাচাই করা<br>• পর্যবেক্ষণ এবং যাচাই করার সময় সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকগুলো (পি আই) শনাক্ত করা<br>• সকল শিক্ষার্থীর কাজ পর্যবেক্ষণ করে পি আই এর লেভেল বা মাত্রা (পরিশিষ্ট ৩ অনুযায়ী) নির্দিষ্ট করা<br>• নির্ধারিত সকল পি আই অনুসারে প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা বা (পরিশিষ্ট ৪ এর নমুনাছক) অবস্থান নির্ধারণ করা |

<table>
<tr>
<td></td>
<td>

● সাক্ষাৎকার প্রদানকারীর টিপসই/ স্বাক্ষরসহ সংগৃহীত সাক্ষাৎকারপত্রের কপি জমা দিতে হবে। বিভিন্ন উৎস যেমন-জীবন ও জীবিকাসহ বিভিন্ন শ্রেণি এবং বিষয়ের পাঠ্যবই, পত্রিকা, ইন্টারনেট, অন্যান্য পেশাসংক্রান্ত বই ইত্যাদি থেকে তথ্য সংগৃহীত তথ্য ব্যবহার করা যাবে।<br>
● একজনের প্রতিবেদনের সাথে অন্যজনের প্রতিবেদন কোনোভাবেই যেন হুবহু মিলে না যায় তা বিশেষভাবে লক্ষ রাখতে হবে।<br><br>
কাজ খ : নিজ ও পরিবারের কাজে অংশগ্রহণ<br>
প্রতিদিন নিজের এবং পরিবারের কী কী কাজ করে তার তালিকাসহ নিজের অনুভূতি উপস্থাপন (সময় ৬০ মিনিট)<br>
প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত শিটে বরাদ্দকৃত সময়ের মধ্যে লিখে বা পোস্টার এঁকে জমা দিতে হবে। অন্ধ/প্রতিবন্ধী শিক্ষার্থী থাকলে মৌখিক বা সহায়ক অন্য যেকোনো মাধ্যমে অনুভূতি প্রকাশের সুযোগ দেওয়া যেতে পারে।<br><br>
কাজ গ : প্রতিষ্ঠান পরিচ্ছন্নতা অভিযান (সময় ৯০-১২০ মিনিট)<br>
শ্রেণির সকল শিক্ষার্থী নিজেদের মধ্যে কাজ বণ্টন করে নিজেদের শ্রেণিকক্ষ ও আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন করবে। এই কার্যক্রম পরিচালনার সময় নিরাপত্তা বজায়ের লক্ষ্যে কাজের সব ধরনের সতর্কতা মেনে চলবে। এই অভিযানের আওতায় যেসব কাজ থাকতে পারে-<br>
- শ্রেণিকক্ষের আসবাবপত্র মুছে পরিষ্কার করা<br>
- শ্রেণিকক্ষের মেঝে ঝাড়ু দিয়ে পরিষ্কার করা<br>
- শ্রেণিকক্ষের অন্যান্য উপকরণ মুছে পরিষ্কার করা<br>
- বারান্দা ঝাড়ু দিয়ে পরিচ্ছন্ন করা<br>
- নির্দিষ্ট স্থানে ময়লা জড়ো করে তা ডাস্টবিনে ফেলার ব্যবস্থা করা<br>
- পরিচ্ছন্নতা কর্মীর সাহায্য নিয়ে প্রতিষ্ঠানের টয়লেট পরিষ্কার করা<br>
- প্রতিষ্ঠানের আঙিনা, মাঠ পরিষ্কার করা<br>
- টবে গাছ থাকলে তা পরিষ্কার করা<br>
- প্রতিষ্ঠানের গেট/প্রবেশপথ পরিচ্ছন্ন করা<br><br>
● প্রয়োজনীয় উপকরণ/সামগ্রী বিদ্যালয় থেকে সববরাহ করতে হবে। শিক্ষার্থীরা নিরাপত্তা বজায় রেখে কাজ করছে কিনা সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। নিরাপদে কাজ করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। এই কার্যক্রমে অভিভাবকের অসহযোগিতা থাকতে পারে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানকে শিক্ষার্থী ও অভিভাবকের সাথে মতবিনিময়ের মাধ্যমে ইতিবাচক দৃষ্টিভঙ্গি উন্নয়নে আগে থেকেই পদক্ষেপ নিতে হবে।<br>
● পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান শেষে প্রত্যেক শিক্ষার্থী হাত-পা ও মুখ ধুয়ে পরিচ্ছন্ন হয়ে নিজেদের কক্ষে ফিরে আসবে। এরপর নিজ সিটে বসে প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত কাগজে ১০০-১৫০ শব্দের মধ্যে এই কার্যক্রম পরিচালনা ও অংশগ্রহণ সম্পর্কে তার অভিজ্ঞতা/অনুভূতি ব্যক্ত করবে।

</td>
<td>● শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সমন্বয়ে রিপোর্ট তৈরি করা</td>
</tr>
</table>

❖ প্রযোজ্য ক্ষেত্রে পরিশিষ্টের সহায়তা নিয়ে জীবন ও জীবিকা বিষয়ের মূল্যায়ন সম্পন্ন করে ষাণ্মাসিক মূল্যায়নের রিপোর্ট প্রস্তুত করুন।

## শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ জীবন ও জীবিকা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ত্রিভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

# পরিশিষ্ট ১

## সাক্ষাৎকারপত্রে যেসব প্রশ্ন থাকতে পারে তার নমুনা

(শিক্ষার্থীরা দলগত আলোচনার মাধ্যমে এই প্রশ্নপত্র তৈরি করবে। তাদের আলোচনায় কোনো প্রশ্ন বাদ পড়ে গেলে শিক্ষক যেন তাদেরকে মনে করিয়ে দিতে পারেন সেই উদ্দেশ্য এই প্রশ্নের চেকলিস্ট দেওয়া হলো।)

১. আপনার পেশা
২. কত বছর ধরে এই পেশায় আছেন
   ক) ২-৫ বছর খ) ৬-১০ বছর গ) ১১-১৫ বছর ঘ) ১৬-২০ বছর
৩. আপনার পেশায় এখন কী ধরনের উপকরণ বা সামগ্রী ব্যবহার করেন
৪. আপনার পেশায় আগে কী ধরনের উপকরণ বা সামগ্রী ব্যবহার করতেন
৫. আগের কাজের ক্ষেত্রে আপনি কেমন অনুভব করতেন
৬. নতুনভাবে কাজ করতে আপনার কেমন লাগে
৭. এই যে পরিবর্তন হলো এর পিছনে কারণ কী বলে মনে করেন
৮. আপনার পেশার জন্য শুরুতেই কী কী কাজ আপনাকে শিখতে হয়েছে
৯. আপনার পেশায় পরিবর্তন আসার পর আপনাকে নতুন করে আর কী কী কাজ শিখতে হয়েছে বা হচ্ছে
১০. আগামীতে আপনার পেশায় আর কী ধরনের পরিবর্তন আসতে পারে বলে মনে করেন
১১. পেশার কাজে নতুন যে পরিবর্তন আসতে পারে তার জন্য আপনার আর কী কী দক্ষতা অর্জন করা প্রয়োজন হতে পারে
১২. আপনার পেশায় আরও ভালো করতে হলে আর কী কী অনুশীলন বা চর্চা করা প্রয়োজন বলে মনে করেন
১৩. আপনার পেশায় দক্ষতা বাড়ানোর জন্য বিশেষ প্রস্তুতি বা প্রশিক্ষণের সুযোগ কোথায় আছে বলে মনে করেন
১৪. উক্ত প্রশিক্ষণ বা দক্ষতা উন্নয়নের সুযোগ রয়েছে এমন কয়েকটি স্থানীয় প্রতিষ্ঠান/ব্যক্তির নাম ঠিকানা বলুন
১৫. ইত্যাদি

# পরিশিষ্ট ২

## ষষ্ঠ শ্রেণির যোগ্যতা অনুসারে পারদর্শিতা সূচক এবং মাত্রার তালিকা

<table>
<tr><th rowspan="2">একক যোগ্যতা</th><th rowspan="2">পারদর্শিতা সূচক (PI) নং</th><th rowspan="2">পারদর্শিতা সূচক (PI)</th><th colspan="3">পারদর্শিতার মাত্রা</th></tr>
<tr><th>□</th><th>○</th><th>△</th></tr>
<tr><td rowspan="6">৬.৪ নিজ ও পারিবারিক কাজের দায়িত্ব আস্থার সাথে পালন করা এবং বিদ্যালয় ও সামাজিক ক্ষেত্রে নিজের দায়িত্ব ও কর্তব্য শনাক্ত করে তা পালনে সচেষ্ট হওয়া</td><td rowspan="3">৬.৪.১</td><td rowspan="3">নিজের কাজ নিজে করা</td><td>নিজের কাজ মাঝে মাঝে করে।</td><td>নিজের সকল কাজ স্বতঃস্ফূর্তভাবে নিয়মিত করে।</td><td>নিজের সকল কাজ স্বতঃস্ফূর্ত ও সুচারুভাবে নিয়মিত করে।</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>• গত ১৫ দিন যাবৎ বাড়িতে তার জন্য নির্ধারিত 'নিজ কাজ' মাঝে মাঝে করেছে তা তালিকায় উল্লেখ করেছে<br>• উক্ত তালিকায় অভিভাবক ইতিবাচক মন্তব্য করেছেন<br>• অনুভূতি প্রকাশে কাজের প্রতি আগ্রহের ঘাটতি রয়েছে<br>• পরিচ্ছন্নতা অভিযানে দায়সারাভাবে কাজ করেছে</td><td>• গত ১৫ দিন যাবৎ বাড়িতে তার জন্য নির্ধারিত 'নিজ কাজ' নিয়মিত করেছে তা তালিকায় উল্লেখ করেছে<br>• উক্ত তালিকায় অভিভাবক ইতিবাচক মন্তব্য করেছেন<br>• কাজের প্রতি শিক্ষার্থী ইতিবাচক অনুভূতি ব্যক্ত করেছে<br>• পরিচ্ছন্নতা অভিযানে স্বতঃস্ফূর্তভাবে কাজ করলেও দক্ষতার সাথে কাজ করতে পারেনি</td><td>• গত ১৫ দিন যাবৎ বাড়িতে তার জন্য নির্ধারিত 'নিজ কাজ' নিয়মিত করেছে তা তালিকায় উল্লেখ করেছে<br>• উক্ত তালিকায় অভিভাবক ইতিবাচক মন্তব্য করেছেন<br>• কাজের প্রতি শিক্ষার্থী ইতিবাচক অনুভূতি ব্যক্ত করেছে<br>• পরিচ্ছন্নতা অভিযানে স্বতঃস্ফূর্ত ও সুচারুভাবে এবং নিরাপত্তা বজায় রেখে নিজের ওপর অর্পিত কাজ সম্পন্ন করেছে</td></tr>
<tr><td rowspan="3">৬.৪.২</td><td rowspan="3">পারিবারিক কাজে অংশগ্রহণ করা</td><td>পারিবারিক কাজে মাঝে মাঝে সহায়তা করে।</td><td>পারিবারিক কাজে নিয়মিতভাবে সহায়তা করে।</td><td>পারিবারিক কাজে স্বতঃস্ফূর্ত ও নিয়মিতভাবে সহায়তা করে।</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>• গত ১৫ দিন যাবৎ বাড়িতে যেসব 'পারিবারিক কাজ' মাঝে মাঝে করেছে তার তালিকা জমা দিয়েছে<br>• উক্ত তালিকায় অভিভাবক ইতিবাচক মন্তব্য করেছেন<br>• অনুভূতি প্রকাশে কাজের প্রতি আগ্রহের ঘাটতি রয়েছে<br>• পরিচ্ছন্নতা অভিযানে দায়সারাভাবে কাজ করেছে</td><td>• গত ১৫ দিন যাবৎ বাড়িতে যেসব 'পারিবারিক কাজ' নিয়মিতভাবে করেছে তার পূর্ণাঙ্গ তালিকা জমা দিয়েছে<br>• উক্ত তালিকায় অভিভাবক ইতিবাচক মন্তব্য করেছেন<br>• কাজের প্রতি শিক্ষার্থী ইতিবাচক অনুভূতি ব্যক্ত করেছে<br>• পরিচ্ছন্নতা অভিযানে দ্রুত ও সুচারুভাবে কাজ করলেও স্বতঃস্ফূর্ততা ছিল না<br>• দলের অন্যান্য সদস্যদের সহায়তা করার বিষয়ে আন্তরিক ছিল না।</td><td>• গত ১৫ দিন যাবৎ বাড়িতে যেসব 'পারিবারিক কাজ' নিয়মিতভাবে করেছে তার পূর্ণাঙ্গ তালিকা জমা দিয়েছে<br>• উক্ত তালিকায় অভিভাবক ইতিবাচক মন্তব্য করেছেন<br>• কাজের প্রতি শিক্ষার্থী ইতিবাচক অনুভূতি ব্যক্ত করেছে<br>• পরিচ্ছন্নতা অভিযানে দ্রুততার সাথে স্বতঃস্ফূর্ত, সুচারুভাবে নিজের ওপর অর্পিত কাজ সম্পন্ন করেছে<br>• দলের অন্যান্য সদস্যদের কাজেও সহায়তা করেছে</td></tr>
</table>

<table>
<tr><th rowspan="2">একক যোগ্যতা</th><th rowspan="2">পারদর্শিতা সূচক (PI) নং</th><th rowspan="2">পারদর্শিতা সূচক (PI)</th><th colspan="3">পারদর্শিতার মাত্রা</th></tr>
<tr><th>□</th><th>○</th><th>△</th></tr>
<tr><td rowspan="6">৬.২ প্রযুক্তির উন্নয়ন, শিল্পবিপ্লব এবং স্থানীয় ও জাতীয় পরিস্থিতি ও চাহিদার পরিপ্রেক্ষিতে স্থানীয় ও দেশীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করতে পারা, পেশাগুলোর মৌলিক দক্ষতাসমূহ বিশ্লেষণ করে এইসব দক্ষতা অর্জনে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার গুরুত্ব বিশ্লেষণ ও অনুধাবন করতে পারা।</td><td rowspan="3">৬.২.১</td><td rowspan="3">সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করা</td><td>সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন আংশিক নির্ধারণ করতে পেরেছে কিন্তু পরিবর্তনের কারণসমূহ যথাযথভাবে নির্ণয় করতে পারেনি।</td><td>সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরণ যথাযথভাবে নির্ধারণ করলেও পরিবর্তনের কারণ আংশিক নিরূপণ করতে পেরেছে।</td><td>সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন যথাযথভাবে নির্ধারণ করে পরিবর্তনের কারণসমূহ খুঁজে বের করেছে।</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>● সাক্ষাৎকার পত্র<br>● পাঠ্যবই এবং<br>● বিভিন্ন তথ্যসূত্র<br>এই তিন উৎসের তথ্য পর্যালোচনা করলেও প্রতিবেদনে একটি উৎসের তথ্য উপস্থাপিত হয়েছে এবং সংশ্লিষ্ট পেশায় পরিবর্তনের ধরন আংশিক নির্ধারণ করেছে কিন্তু পরিবর্তনের কারণ নির্ণয় করতে পারেনি ।</td><td>● সাক্ষাৎকার পত্র<br>● পাঠ্যবই এবং<br>● বিভিন্ন তথ্যসূত্র<br>এই তিন উৎসের তথ্য পর্যালোচনা করলেও প্রতিবেদনে দুটি উৎসের তথ্য উপস্থাপিত হয়েছে এবং সংশ্লিষ্ট পেশায় পরিবর্তনের ধরন নির্ধারণ করেছে কিন্তু পরিবর্তনের মাত্র ১/২ টি কারণ খুঁজে বের করেছে।</td><td>● সাক্ষাৎকার পত্র<br>● পাঠ্যবই এবং<br>● বিভিন্ন তথ্যসূত্র<br>এই তিন উৎসের তথ্য পর্যালোচনার মাধ্যমে উক্ত পেশায় পরিবর্তনের ধরন ও পরিবর্তনের যৌক্তিক কারণসমূহ খুঁজে বের করেছে।</td></tr>
<tr><td rowspan="3">৬.২.২</td><td rowspan="3">সুনির্দিষ্ট একটি পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো অনুসন্ধান করে সেগুলো অর্জনের জন্য বিদ্যমান সুযোগগুলো শনাক্ত করা।</td><td>পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ আংশিক চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।</td><td>পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।</td><td>পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করে সেগুলো অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করেছে।</td></tr>
<tr><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td>● পেশাজীবীর সাথে কার্যকর যোগাযোগ<br>● সাক্ষাৎকার পত্র<br>● পাঠ্যবই এবং<br>● বিভিন্ন তথ্যসূত্র<br>উক্ত চার উৎসের তথ্য পর্যালোচনা করলেও প্রতিবেদনে দুটি উৎসের তথ্য উপস্থাপিত হয়েছে। সংশ্লিষ্ট পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ আংশিক চিহ্নিত করলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।</td><td>● পেশাজীবীর সাথে কার্যকর যোগাযোগ<br>● সাক্ষাৎকার পত্র<br>● পাঠ্যবই এবং<br>● বিভিন্ন তথ্যসূত্র<br>এই চার উৎসের তথ্য পর্যালোচনার মাধ্যমে উক্ত পেশার প্রয়োজনীয় দক্ষতা চিহ্নিত করলেও সেগুলো অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করতে পারেনি।</td><td>● পেশাজীবীর সাথে কার্যকর যোগাযোগ<br>● সাক্ষাৎকার পত্র<br>● পাঠ্যবই এবং<br>● বিভিন্ন তথ্যসূত্র<br>এই চার উৎসের তথ্য পর্যালোচনার মাধ্যমে উক্ত পেশার প্রয়োজনীয় দক্ষতা চিহ্নিত করেছে এবং সেগুলো অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানসমূহও চিহ্নিত করেছে।</td></tr>
</table>

# পরিশিষ্ট ৩

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নিচের ছক অনুসারে মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণকে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নিতে হবে। যেমন- 'কাজের মাঝে আনন্দ' এই অধ্যায়ের শিখন অভিজ্ঞতা অনুযায়ী ষাণ্মাসিক চূড়ান্ত মূল্যায়নে শিক্ষার্থীর পারদর্শিতা যাচাইয়ের সুবিধার্থে দুইটি পারদর্শিতা সূচক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ৬.৪.১ এবং ৬.৪.২ । নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| যোগ্যতা নং : ৬.৪ | শ্রেণি : | ষষ্ঠ | বিষয় : | জীবন ও জীবিকা | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| **কাজ খ**<br>**কাজ গ** | নিজ ও পারিবারিক কাজে অংশগ্রহণ<br>পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান | | | | |

| | | প্রযোজ্য PI নং | |
|---|---|---|---|
| রোল নং | নাম | ৬.৪.১ | ৬.৪.২ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| যোগ্যতা নং : ৬.২ | শ্রেণি : | ষষ্ঠ | বিষয় : | জীবন ও জীবিকা | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| কাজ ক | পেশাজীবীর সাক্ষাৎকার গ্রহণ | | | | |

| | | প্রযোজ্য PI নং | |
|---|---|---|---|
| রোল নং | নাম | ৬.২.১ | ৬.২.২ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |
| | | □○△ | □○△ |

# পরিশিষ্ট ৪

## ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | | | |
| শিক্ষার্থীর নাম : | | | |
| শিক্ষার্থীর আইডি : | শ্রেণি : ষষ্ঠ | বিষয় : জীবন ও জীবিকা | শিক্ষকের নাম : |

| পারদর্শিতা সূচকের মাত্রা | | | |
|---|---|---|---|
| পারদর্শিতা সূচক | শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা | | |
| ৬.৪.১ নিজের কাজ নিজে করা | □ | ○ | △ |
| | নিজের কাজ মাঝে মাঝে করে। | নিজের সকল কাজ স্বতঃস্ফূর্তভাবে নিয়মিত করে। | নিজের সকল কাজ স্বতঃস্ফূর্ত ও সুচারুভাবে নিয়মিত করে। |
| ৬.৪.২ পারিবারিক কাজে অংশগ্রহণ | □ | ○ | △ |
| | পারিবারিক কাজে মাঝে মাঝে সহায়তা করে। | পারিবারিক কাজে নিয়মিতভাবে সহায়তা করে। | পারিবারিক কাজে স্বতঃস্ফূর্ত ও নিয়মিতভাবে সহায়তা করে |
| ৬.২.১ সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করা | □ | ○ | △ |
| | সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন আংশিক নির্ধারণ করতে পেরেছে কিন্তু পরিবর্তনের কারণসমূহ যথাযথভাবে নির্ণয় করতে পারেনি। | সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন যথাযথভাবে নির্ধারণ করলেও পরিবর্তনের কারণ আংশিক নিরূপণ করতে পেরেছে। | সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন যথাযথভাবে নির্ধারণ করে পরিবর্তনের কারণসমূহ খুঁজে বের করেছে। |
| ৬.২.২ সুনির্দিষ্ট একটি পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো অনুসন্ধান করে সেগুলো অর্জনের জন্য বিদ্যমান সুযোগগুলো শনাক্ত করা। | □ | ○ | △ |
| | পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ আংশিক চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি। | পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি। | পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করে সেগুলো অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করেছে। |

# পরিশিষ্ট ৫

## আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলগত কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতা সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ৬ এর ছক ব্যবহার করে আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১. দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলগত ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলগত কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

# পরিশিষ্ট ৬

## আচরণিক সূচক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

| ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | তারিখ: |
| শ্রেণি : ৬ষ্ঠ | বিষয় : জীবন ও জীবিকা | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |

| | | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ